

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৯৭

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ ঋতুবতী নারী গোসলের পর সুগন্ধিযুক্ত কাপড় ব্যবহার করার নির্দেশ, অন্য কাপড় নয়

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْأَةَ الْحَائِضَ إِنَّمَا أُمِرَتْ بِتَعْقِيبِ الْغُسْلِ بِالْفِرْصَةِ المُمُسَّكَة دُونَ غَيْرِهَا

## আরবী

1197 \_ أَخْبُرنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا حُمَيْدُ بْنُ مسعدة حدثنا الفضل بْنُ سُلَيْمَانَ حَدَّثَنَا مَنْصُورُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ خَبَّرَتْنِي أُمِّي أَنَّهَا سَمِعَتْ عَائِشَةَ تَقُولُ: إِنَّ امْرَأَةً سَأَلَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْحَيْضِ كَيْفَ تَغْتَسِلُ مِنْهُ؟ قَالَ: (تَأْخُذِي فِرْصَةً مُمَسَّكَةً فَتَتَوَضَّئِينَ بِهَا) قَالَتْ: كَيْفَ أَتَوَضَّأُ بِهَا؟ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (تَوَضَّئِينَ بِهَا) قَالَتْ: كَيْفَ أَتَوَضَّأُ بِهَا؟ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (تَوَضَّئِينَ بِهَا) قَالَتْ عَائِشَةُ: فعرفتُ الَّذِي يريد فَجَبَذْتُها إلي فَعلَّمْتُهَا. (تَوَضَّئِينَ بِهَا) قَالَتْ عَائِشَةُ: فعرفتُ الَّذِي يريد فَجَبَذْتُها إلي فَعلَّمْتُهَا. الراوي: عَائِشَة ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الصلا على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1197 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

১১৯৭. আয়িশা রাদ্বিয়াল্লাভ্ আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "এক নারী রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লামকে ঋতুস্রাব সম্পর্কে জিজ্ঞেস করেন যে, সে কিভাবে তা থেকে পবিত্র হওয়ার পর গোসল করবে? জবাবে তিনি বলেন, "তুমি সুগন্ধিযুক্ত এক টুকরো কাপড় নিবে অতঃপর তা দিয়ে পবিত্রতা অর্জন করবে।" তখন সে নারী বললো, "আমি কিভাবে তা দিয়ে পবিত্রতা অর্জন করবো?" রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তুমি তা দিয়ে পবিত্রতা অর্জন করবে।" আয়িশা রাদ্বিয়াল্লাভ্ আনহা বলেন, "রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম কী বুঝাতে চাচ্ছেন তা আমি বুঝাতে পারলাম অতঃপর আমি সেই নারীকে আমার কাছে টেনে নিলাম এবং তাকে পবিত্রতা অর্জন করার বিষয়টি শিক্ষা দিলাম।"[1]

## ফুটনোট



[1] সহীহ বুখারী: ৭৩৫৭;হুমাইদী: ১৬৭; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৪১-৪২; সহীহ বুখারী: ৩১৪; সহীহ মুসলিম: ৩৩২; নাসাঈ: ১/১৩১; সুনান বাইহাকী: ১/১৮৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৫২; মুসনাদ আহমাদ: ৬/১২২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৩৩১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন